

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১৫, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০১ চৈত্র ১৪২৭/ ১৫ মার্চ ২০২১

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.২১.০৬৭—আন্তর্জাতিক নারী দিবস ২০২১ উপলক্ষ্যে গত ০৪ মার্চ ২০২১ তারিখে কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড কিউসি টুইটারে এক ভিডিও বার্তার মাধ্যমে কমনওয়েলথভুক্ত ৫৪টি দেশের সরকার প্রধানদের মধ্যে কোডিড-১৯ অতিমারি সফলতার সঙ্গে মোকাবিলায় নেতৃত্বদানকারী শীর্ষ তিনি অনুপ্রেরণাদায়ী নারী নেতৃত্বের নামের তালিকায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নাম প্রকাশ করেন।

২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর প্রাণ্ড, সুদক্ষ ও দূরদর্শী নেতৃত্বে কমনওয়েলথভুক্ত সরকার প্রধানদের মধ্যে অনুপ্রেরণাদায়ী নারী নেতৃত্বে শীর্ষ তিনি স্থান লাভ করেছেন। এতে বিশেষ বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভার ২৪ ফাল্গুন ১৪২৭/০৯ মার্চ ২০২১ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম

মন্ত্রিপরিষদ সচিব

(৬৬৩৯)
মূল্য : টাকা ৮.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

**২৪ ফাল্গুন ১৪২৭
ঢাকা : ০৯ মার্চ ২০২১**

আন্তর্জাতিক নারী দিবস ২০২১ উপলক্ষ্যে গত ০৪ মার্চ ২০২১ তারিখে কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড কিউসি টুইটারে এক ভিডিও বার্তার মাধ্যমে কমনওয়েলথভুক্ত ৫৪টি দেশের সরকার প্রধানদের মধ্যে কোডিড-১৯ অতিমারি সফলতার সঙ্গে মোকাবিলায় নেতৃত্বান্বকারী শীর্ষ তিনি অনুপ্রেরণাদায়ী নারী নেতৃত্বের নাম প্রকাশ করেন। উক্ত অসাধারণ নারী নেতৃত্বের তালিকায় শীর্ষদের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পাশাপাশি নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জাসিন্ডা আরডার্ন ও বার্বাডোসের প্রধানমন্ত্রী মিয়া আমোর মোটলির নামও রয়েছে। মহাসচিব তাঁর প্রতিবেদনে কমনওয়েলথভুক্ত দেশগুলির মধ্যে কোডিড-১৯ অতিমারি কাল সাফল্যের সঙ্গে মোকাবিলার নেতৃত্বান্বকারী সরকার প্রধানদের স্থীরতি প্রদান করতে গিয়ে উল্লিখিত তিনজন অসাধারণ নারী নেতৃত্বের নাম উল্লেখ করেছেন যারা নিজ নিজ দেশে বিস্ময়কর নেতৃত্বের স্বাক্ষর রেখেছেন। প্যাট্রিসিয়া তাঁর ভিডিও বার্তায় আরও উল্লেখ করেন, এ তিনি ব্যক্তিত্ব বিশ্বের আরও অনেক নারীর পাশাপাশি তাঁকে এমন একটি বিশ্ব গড়ে তোলার বিষয়ে অনুপ্রেরণা ঘূর্ণিয়েছেন, যেখানে নারী-পুরুষ নিরিশেষে সবার সম্মিলিত সুন্দর ভবিষ্যৎ এবং কল্যাণ সুনির্ণিত ও সুরক্ষিত থাকবে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোডিড-১৯ অতিমারিকালে মরণগ্রাতী এ ভাইরাস হতে জীবন বাঁচাতে স্বাস্থ্যসুরক্ষা ও চিকিৎসাব্যবস্থা, জনগণকে সচেতন করা এবং ক্ষতিগ্রস্ত মানুষকে অর্থ ও খাদ্য-সহায়তার পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টি, ব্যবসা-বাণিজ্য এবং অর্থনীতি চাঞ্চা করতে বিরাট অঞ্জের কার্যকর সংখ্যক প্রগোদ্ধনা প্যাকেজ ঘোষণা করেছেন, যা দেশের অর্থনৈতিক বিপর্যয় রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোডিড-১৯ অতিমারিকালে দেশের মানুষের স্বাস্থ্যসেবা সুরক্ষিত করার লক্ষ্যে তাৎক্ষণিকভাবে দুই হাজার ডাঙ্গার, ছয় হাজার নার্স এবং টেকনিশিয়ান নিয়োগ প্রদান করেন। করোনাভাইরাসের ভ্যাকসিন আবিষ্কার এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক অনুমোদিত হওয়ার পর দ্রুতার সাথে বাংলাদেশের ভ্যাকসিন পাবার বিষয়টি সুনির্ণিত করেছেন। তিনি গত ২৭ জানুয়ারি ২০২১ তারিখে ঢাকার কুর্মিটোলা জেনারেল হাসপাতালে করোনাভাইরাসের টিকাদান কার্যক্রমের উদ্বোধন করেন যা গত ৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ হতে সারাদেশে একযোগে টিকাদান কার্যক্রম চলমান রয়েছে। তাঁর ঐকান্তিক প্রচেষ্টায় জনবহুল এ দেশে সর্বস্তরের জনগণের নিকট সুশঙ্খলভাবে টিকা পৌছে দেওয়া সম্ভব হয়েছে। তাঁর সরকারের নেওয়া বিভিন্ন কার্যকর পদক্ষেপের ফলে বিশ্ব-বাস্তবতায় বাংলাদেশে এখন অতিমারির প্রকোপ অনেকাংশে নিয়ন্ত্রণে রাখা সম্ভব হয়েছে, যা সারা বিশ্বে ব্যাপকভাবে প্রশংসিত হচ্ছে।

মন্ত্রিসভা মনে করে যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাঞ্জ, সুদক্ষ ও দূরদৃশ্য নেতৃত্বের ফলে কমনওয়েলথভুক্ত সরকার প্রধানদের মধ্যে অনুপ্রেরণাদায়ী নারী নেতৃত্বের তালিকায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শীর্ষ তিনে স্থান লাভ করতে সক্ষম হয়েছেন। এ সম্মান বাংলাদেশের, এ সম্মান সমগ্র বাংলালি জাতিত। এ অর্জন আন্তর্জাতিক পরিমতলে বাংলাদেশের অবস্থানকে করেছে আরও সুসংহত। কমনওয়েলথভুক্ত দেশগুলির মধ্যে অনুপ্রেরণাদায়ী নারী নেতৃত্বে শীর্ষ তিনে স্থান লাভ করে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd